

◆ ক্রিয়ামূলক অঞ্চলের সমস্যা—


ক্রিয়ামূলক অঞ্চলের ইতিবাচক দিক যেমন আছে ঠিক সেরকম এর কতকগুলি সমস্যা রয়েছে; যেমন—

- এই সমস্ত অঞ্চল সহজে খুঁজে পাওয়া যায় না।
- বাহ্যিক অঞ্চলের মতো এই অঞ্চলসমূহ সম্পূর্ণ নয়।
- সীমানাবর্তী অঞ্চল ছাড়া ক্রিয়ামূলক অঞ্চলের বর্ণনা দিতে গেলে বাহ্যিক অঞ্চলের বর্ণনার প্রয়োজন আগে।
- ক্রিয়ামূলক অঞ্চলের সীমানা চিহ্নিত করা মুশকিল।

বিভিন্ন ভূগোলবিদগণ ক্রিয়ামূলক অঞ্চলকে সমর্থন করেছেন। যেমন—হাওয়ার্ড (Edencezer Howard) এবং গেডেস (Patrick Geddes)।

(a) হাওয়ার্ড ছিলেন ব্রিটেনের ক্রিয়ামূলক অঞ্চলের ধারণার প্রথম সমর্থক।

(b) প্যাট্রিক গেডেস জোর দিয়েছেন কোনও একটি এলাকার পারস্পরিক নির্ভর-শীলতার ওপর। তাঁর বিখ্যাত চিত্র যা রেখা চিত্রের মধ্যে দিয়ে তিনি ব্যাখ্যা করার চেষ্টা করেছেন।



চিত্র 1.3 : স্থান-ক্রিয়া পারস্পরিক সম্পর্কিত চিত্র

(c) ডিকিনসন এই ব্রিটিশ ভূগোলবিদ তাঁর নিজের শহর লর্ডসের ওপর গবেষণা চালিয়েছেন এবং ওই শহরের ক্রিয়ামূলক অঞ্চলের সীমানা নির্ধারণ করেন।

সুতরাং, দেখা যাচ্ছে—ভূগোলে এই অঞ্চল সম্বন্ধে যে ধারণা পাওয়া যাচ্ছে তা এক বিবর্তনের ভিতর দিয়ে গড়ে উঠেছে। এই বিবর্তনকে এককথায় সামাজিক বিবর্তন বলা যায়। নীচে এই বিবর্তনকে একটি নকশার মাধ্যমে দেখানো হয়েছে :—

প্রাকৃতিক বাহ্যিক অঞ্চল → অর্থনৈতিক বাহ্যিক অঞ্চল → ক্রিয়ামূলক অঞ্চল

স্বাভাবিক অঞ্চলের ধারণাকে তাই বর্তমানে প্রায় সম্পূর্ণভাবে বর্জন করা হয়েছে। একমাত্র ক্রিয়ামূলক অঞ্চলের মাধ্যমেই বর্তমান যুগে এই আধুনিক যুগের বিশেষীকরণ ও আনুভূমিক সম্পর্ক বা horizontal relationship-এর সম্পর্কের ভিতর দিয়ে গড়ে উঠেছে।